বিজ্ঞপ্তি সকল পরীক্ষার্থীকে মনোযোগসহকারে পড়তে হবে।

অধ্যক্ষের কার্যালয়
সরকারি বি এম কলেজ, বরিশাল
বিজ্ঞপ্তি

পুরাতন সিলেবাস
২০১৫ সালের মাষ্টার্স শেষপর্ব
পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি
(অনিয়মিত ও মানোন্নয়ন)

তারিখ ঃ ১৭/০৭/২০১৮

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সালের মাষ্টার্স শেষপর্ব এম.এ/এম.এস.এস/এম.বি.এস/এম.এস.সি (আইসিটি সহ) অনিয়মিত ও মানোন্নয়ন (পুরাতন সিলেবাস) পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন করা হবে। যে সকল পরীক্ষার্থী ২০১৫ সালের মাষ্টার্স শেষপর্ব (অনিয়মিত ও মানোন্নয়ন) পরীক্ষায় অংশ গ্রহণ করবে তারা নিম্ন লিখিত তারিখে পরীক্ষার ফি ও পরীক্ষার আবেদন ফরম জমা দিতে পারবে। আবেদনকারীকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট : **WWW.nubd.info/mf** ই-মেইলঃ **mf@nubd.info** এ প্রবেশ করে নিজের রেজিষ্টেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে।

অনিয়মিত /অকৃতকার্য/প্রাইভেট/ মানোন্নয়ন (পুরাতন সিলেবাস) পরীক্ষার্থীদের ফরম পূরণের তারিখ ও সময় ঃ

ফরম পূরণের তারিখ : ১৮/০৭/২০১৮ থেকে ২৫/০৭/২০১৮ইং সময় সকাল ৯টা থেকে ২টা পর্যন্ত (সরকারি ছুটির দিন বাদে)
**** বিলম্বফিসহ ফরম পূরণ করার কোন সুযোগ নেইঃ**

ফরম পূরণের শর্তাবলী ও নিয়মাবলী

১. **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

ক) ২০১৫ সালের মাষ্টার্স শেষপর্ব (বিশেষ) পরীক্ষার জন্য বিধি সম্মতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত (অনিয়মিত ও মানোন্নয়ন) শিক্ষার্থী।

খ) শুধু ২০১৪ সালের মাষ্টার্স শেষপর্ব পরীক্ষায় অংশ গ্রহণ করে যে সব পরীক্ষার্থী মৌখিক/ব্যবহারিক/টিউটোরিয়াল/মাঠকর্ম/ থিসিস/মনোগ্রাফ পরীক্ষায় উত্তীর্ন (৪০% বা বেশী নম্বর) হয়েছে কিন্তু তত্ত্বীয় পত্রে গড়ে ৩৬% নম্বর না পাওয়ায় অকৃতকার্য হয়েছে তারা তত্ত্বীয় যে সব পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে শুধু সেসকল পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে উক্ত পরীক্ষার্থীদের ৪৫% এর বেশী পাওয়া তত্ত্বীয় পরীক্ষার নম্বর বহাল থাকবে। এ ক্ষেত্রে ২০১৪ এবং ২০১৫ সালের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মধ্যে বেশী সে নম্বর গ্রহণ করে ফলাফল প্রকাশ করবে। ২০১৩ সালের পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না। এ বিষয়ে কারও কোন প্রশ্ন থাকলে ফরম পূরণের পূর্বেই জেনে নিতে হবে।

গ) (i) ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে নিবন্ধিত এবং ২০১৩ শিক্ষাবর্ষে নিবন্ধিত (প্রাইভেট) সে সকল পরীক্ষার্থী পরীক্ষায় আদৌ অংশগ্রহণ করেনি বা ২০১৪ সালের মাষ্টার্স শেষপর্ব পরীক্ষায় (বিশেষ) অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে শুধু মাত্র তারাই অংশগ্রহণ করতে পারবে।
(ii) অকৃতকার্য পরীক্ষার্থীদের মৌখিক/ব্যবহারিক/টিউটোরিয়াল/মাঠকর্ম/মনোগ্রাফ পরীক্ষায় পূর্ববর্তী বছরের প্রাপ্ত নম্বর বহাল থাকবে।

ঘ) **বিশেষঃ** যে সকল পরীক্ষার্থী শুধু ২০১৪ সালের পরীক্ষায় তত্ত্বীয় পত্রে গড়ে ৩৬% নম্বর পেয়ে উত্তীর্ন হয়েছে কিন্তু মৌখিক/ব্যবহারিক/টিউটোরিয়াল/মাঠকর্ম/থিসিস/মনোগ্রাফ পরীক্ষায় ৪০% এর কম নম্বর পেয়ে অকৃতকার্য হয়েছে ঐ সকল পরীক্ষার্থী ২০১৫ সালে (অকৃতকার্য পত্রের) পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে তার ২০১৪ সালের তত্ত্বীয় ও অন্যান্য পত্রে প্রাপ্ত নম্বর বহাল থাকবে। একাধিক পত্রে (তত্ত্বীয়, টিউটোরিয়াল, ব্যবহারিক ও মৌখিক) অকৃতকার্য পরীক্ষার্থীকে সকল পত্রের (তত্ত্বীয়, টিউটোরিয়াল, ব্যবহারিক ও মৌখিক) পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

বিঃদ্রঃ কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে। গ্রেড উন্নীত করণের ক্ষেত্রে ১ম অথবা ২য় বারের পরীক্ষার মধ্যে যে গ্রেড উচ্চতর হবে তা যোগ করা হবে এবং তার ভিত্তিতেই ফলাফল নির্ধারন হবে।

২. **মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের শুধুমাত্র ২০১৪ সালের মাষ্টার্স শেষপর্ব পরীক্ষায় তৃতীয় শ্রেণী প্রাপ্ত ছাত্র/ছাত্রীগণ নিম্নে উল্লেখিত শর্তে ২০১৫ সালের মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে-

ক) তৃতীয় শ্রেণী প্রাপ্ত একজন ছাত্র/ছাত্রী শুধুমাত্র পরবর্তী বছর তত্ত্বীয় পরীক্ষায় সংশ্লিষ্ট বছরের জন্য প্রযোজ্য সিলেবাসের আওতায় মাত্র একবার মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে কর্মরত কলেজ শিক্ষকদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের অনুমতি সাপেক্ষে পরীক্ষা পাশের ০৩ (তিন) বছরের মধ্যে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে কেবলমাত্র ৪৫% এর কম নম্বর প্রাপ্ত সকল পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) **মানোন্নয়নের ক্ষেত্রে পরীক্ষার্থীদের টিউটোরিয়াল/মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম/থিসিস/মনোগ্রাফ পরীক্ষায় তার পূর্বে প্রাপ্ত নম্বর বহাল থাকবে।**

গ) মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে পরীক্ষার্থীর পাশের শ্রেণী উন্নীত হলে তার পূর্বে প্রাপ্ত তৃতীয় শ্রেণী ডিগ্রী প্রত্যাহার করা হবে। দ্বিতীয় বা প্রথম শ্রেণীতে উন্নীত না হলে তার পূর্বে প্রাপ্ত শ্রেণী বহাল থাকবে। এক্ষেত্রে শ্রেণী উন্নয়ন না হয়ে প্রাপ্ত নম্বরের উন্নয়ন হলে আবেদন সাপেক্ষে পূর্বে গৃহীত নম্বর ও সনদপত্র জমা দিয়ে নতুন নম্বর ও সনদপত্র গ্রহণ করতে পারবে।

৩. অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী ও অন্যান্য শর্তাবলী (পরীক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদনকারীকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট : WWW.nubd.info/mf এ প্রবেশ করে নিজের রেজিষ্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অন-লাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত আবেদন ফরমটিতে পরীক্ষার্থীর পত্রকোড উল্লেখ থাকবে। কলেজ কর্তৃক ধার্যকৃত ফিসহ স্ব-স্ব বিভাগের বিভাগীয় প্রধানের নিকট জমা দিতে হবে। পত্রকোড ভুল পূরণের জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

খ) কোন ছাত্র-ছাত্রীর রেজিষ্ট্রেশন কার্ডে পত্রকোড অথবা অন্য যে কোন ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই নির্ধারিত ফি জমা দিয়ে সংশোধন করে আনতে হবে।

গ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পার্সপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর এক কপি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর বিভাগীয় প্রধান সত্যায়িত করে বিতরণ করার ব্যবস্থা গ্রহণ করবেন।